

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাং লা নগর, ঢাকা।
www.copyrightoffice.gov.bd

স্মারক নং-৪৩.২৯.০০০০.০০১.০৩.১৩৮.১৬-

তারিখ-২৪/০৩/২০১৯

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জাফর রাজা চৌধুরী
তারিখ ও সময়ঃ ২৪/০৩/২০১৯, বিকাল ৪:০০ ঘটিকা
স্থানঃ রেজিস্ট্রারের অফিস কক্ষ
উপস্থিত তালিকাঃ সংযুক্ত “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও কপিরাইট ডেপুটি রেজিস্ট্রার মিঃ জেহরা বেগম সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কপিরাইট অফিস কর্তৃক নিম্নোক্ত কার্যক্রমগুলো গ্রহণ করা হয়েছে মর্মে তিনি জানান :

- (ক) “এস এম এস” এর মাধ্যমে আবেদনকারীকে সনদ প্রদানের বার্তা প্রেরণ;
- (খ) ফেজবুক ফ্যান পেজের মাধ্যমে জিজ্ঞাসার জবাব প্রদান অব্যাহত রয়েছে;
- (গ) কপিরাইট মামলা সংক্রান্ত আদেশ ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ;
- (ঘ) কপিরাইট রেজিস্ট্রেশনের ডিজিটাল সার্টিফিকেট প্রনয়ন;
- (ঙ) সকল অনিষ্পন্ন কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার তাগিদ প্রদান করা হয়েছে ;
- (চ) শুদ্ধাচার ও সুশাসন নিশ্চিত করার ক্ষেত্রে সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে আলোচনা অব্যাহত রয়েছে ;
- (ছ) ই-টেন্ডারিং বিষয়ে ক্রয় কার্যক্রম দ্রুত শুরু করতে হবে;

৩। গৃহীত কার্যক্রমগুলো যথাযথভাবে তদারকির মাধ্যমে বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে নৈতিকতা কমিটিকে সক্রিয় হওয়ার জন্য সভাপতি সকল কর্মকর্তা-কর্মচারির মনোযোগ আকর্ষণ করেন।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জাফর রাজা চৌধুরী)
রেজিস্ট্রার অফ কপিরাইটস
ও

সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি
কপিরাইট অফিস, ঢাকা।
ফোন : ৯১১৯৬৩২